গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জগন্নাথপুর, সুনামগঞ্জ।
jagannathpur.sunamganj.gov.bd

স্মারক নং- ৩৪.০১.৯০৪৭.০০০.৬৮.০০১.২২- ৪১৪ তারিখ : ০৭.০৬.২০২২ খ্রি.

সংশোধিত বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব-২য় পর্যায়)' শীর্ষক প্রকল্পের আওতায় আইসিটি প্রশিক্ষণ ভ্যানের (মিনিবাস) মাধ্যমে উপজেলাধীন পশ্চাৎপদ গ্রামীণ জনপদে এবং বিশেষ করে প্রতিবন্ধী ও হাওর এলাকার পিছিয়ে পড়া যুবদের দোরগোড়ায় তথ্যপ্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ সুবিধা পৌঁছে দেওয়ার নিমিত্ত দুই মাস মেয়াদী কম্পিউটার ও নেটওয়ার্কিং বিষয়ক প্রশিক্ষণ কোর্সে নিম্নলিখিত নিয়মাবলী ও শর্তাবলী স্বাপেক্ষে যোগ্য প্রার্থীগণের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

১. **আবেদন করার পদ্ধতি :** আবেদনের নমুনা ফরম নিম্নস্বাক্ষরকারী কার্যালয়ের ওয়েবসাইটে নিয়োগ বিজ্ঞপ্তির সাথে পাওয়া যাবে। এছাড়া নিম্ন স্বাক্ষরকারী কার্যালয়, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, উপজেলাধীন সকল ইউনিয়ন পরিষদ, ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহে নমুনা আবেদন ফরম পাওয়া যাবে। নির্ধারিত আবেদনপত্রে চাহিত তথ্য যথাযথভাবে পূরণপূর্বক উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, জগন্নাথপুর, সুনামগঞ্জ এ জমা প্রদান করতে হবে (অফিস চলাকালীন সময়ে)।

২. **নাগরিকত্ব :** আবেদকারীকে অবশ্যই সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলার নাগরিক হতে হবে।

৩. **আবেদনপত্র জমাদানের সময় :** আবেদনপত্র জমাদানের শুরুর তারিখ ও সময়:০৯/০৬/২০২২ খ্রি., সকাল ১০.০০ টা, আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়:১৭/০৭/২০২২ খ্রি. ,বিকাল ৫.০০ টা।

৪. **শিক্ষাগত যোগ্যতা :** ন্যূনতম এইচ.এস.সি পাশ (যুবক) ও এস.এস.সি পাশ (যুব নারী)

৫. **বয়স সীমা :** ১৮- ৩৫ বছর।

৬. **প্রশিক্ষণ কার্যক্রম ও মূল্যায়ন :** ন্যূনতম ৪৪ টি কার্য দিবসে পরিচালিত প্রশিক্ষণ কোর্সটির মেয়াদকাল হবে দুই মাস। কোর্সটি দুইটি শিফটে পরিচালিত হবে। প্রথম শিফট প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১ ঘটিকা পর্যন্ত এবং দ্বিতীয় শিফট দুপুর ১.৩০ ঘটিকা হইতে বিকাল ৪.৩০ ঘটিকা পর্যন্ত পরিচালিত হবে। প্রতি ব্যাচে ৪০ জন যুবক ও যুব নারী সংখ্যার অনুপাত হবে ১:১। ৫০% যুব নারী পাওয়া না গেলে, সেক্ষেত্রে যুবকদের দ্বারা কোটা পূরণ করা হবে। প্রশিক্ষণটি তাত্ত্বিক ও ব্যবহারিক দুই ভাগে বিভক্ত থাকবে। প্রশিক্ষণার্থীদের পারফরম্যান্স প্রতি সপ্তাহে লিখিত ও ব্যবহারিক পরীক্ষার মাধ্যমে মূল্যায়ন করা হবে। প্রশিক্ষণ মেয়াদের শেষ সপ্তাহে চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে। সাপ্তাহিক ও চূড়ান্ত পরীক্ষার সমন্বিত ফলাফলের ভিত্তিতে চূড়ান্ত পারফরম্যান্স নির্ধারণ করা হবে। চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীগণকে প্রশিক্ষণ সমাপনীর দিন সনদপত্র প্রদান করা হবে।

৭. **প্রাপ্ত অন্যান্য সুবিধাদি:** প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের প্রতি কর্ম দিবসে জনপ্রতি ২০০/- (দুইশত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা/ যাতায়াত ভাতা প্রদান করা হবে। এছাড়াও প্রশিক্ষনার্থীদের আপ্যায়নের জন্য প্রতি কর্ম দিবসে জনপ্রতি ১০০/- (একশত) টাকা হারে ব্যয় করা হবে। গৃহীত প্রশিক্ষণ" প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ" বিবেচনায় যুব উন্নয়ন অধিদপ্তরের ঋণ কার্যক্রমের আওতায় শর্তাদি পালন স্বাপেক্ষে প্রশিক্ষনার্থীগণ ঋণ গ্রহণের সুযোগ পাবেন।

৮. **আবেদনপত্রের সাথে সংযুক্ত কাগজাদি/প্রমাণপত্র :** আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার প্রমাণক হিসেবে সনদপত্রের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্র বা জন্ম সনদপত্রের সত্যায়িত কপি, অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র ও সম্প্রতি তোলা তিন কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

৯. ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ /বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১০. যোগ্য প্রশিক্ষনার্থীদের সাক্ষাৎকার আগামী ১৮/০৭/২০২২ খ্রি. তারিখ বেলা ১১.০০ ঘটিকায় নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে অনুষ্ঠিত হবে। সাক্ষাৎকারের সময় আবেদনকারীকে আবেদনপত্রের সাথে সংযুক্ত জাতীয় পরিচয়পত্র/ জন্ম সনদ, নাগরিকত্ব সনদ এবং শিক্ষাগত যোগ্যতার সনদের মূলকপি সাথে নিয়ে আসতে হবে।

১১. কোন ধরনের তদবির/ সুপারিশ/ ভুল তথ্য আবেদনকারীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

১২. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন স্বাপেক্ষে চূড়ান্তভাবে মনোনীত প্রশিক্ষনার্থীদের নামের তালিকা নিম্ন স্বাক্ষরকারী কার্যালয়ের ওয়েবসাইট/ নোটিশ বোর্ড, যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়/ নোটিশ বোর্ড, ইউনিয়ন পরিষদ, ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহে পাওয়া যাবে।

১৩. প্রশিক্ষণ উদ্বোধনের তারিখ ও স্থান উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এবং বিবেচ্য প্রশিক্ষণের কোর্স কো-অর্ডিনেটর কর্তৃক সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে।

(মোঃ মাজেদুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি, উপজেলা প্রশিক্ষণার্থী বাছাই কমিটি (টেকাব ২য় পর্যায়)
জগন্নাথপুর, সুনামগঞ্জ।
ইমেইল- unojagannathpur@mopa.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে:
১। প্রকল্প পরিচালক, টেকাব-২য় পর্যায়।
২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৩। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সুনামগঞ্জ।
৪। অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা, সুনামগঞ্জ।
৫। .....অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৬। ইউপি চেয়ারম্যান (সকল), জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৭। অফিস নথি।